বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৪(১)/২০২২-১২২৯ তারিখঃ ১৫ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

নোটিশ

(পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের শিখন ঘাটতি পূরণের জন্য ২য় ব্যাচের বাস্তব প্রশিক্ষণ কেন্দ্র/হাসপাতাল পছন্দের আবেদন আহ্বান)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের শিখন ঘাটতি পূরণ সংক্রান্ত ৬ (ছয়) মাসের বাস্তব প্রশিক্ষণের ২য় ব্যাচ অনতিবিলম্বে শুরু হবে। কাউন্সিলের অধীনে ৩০ সেপ্টেম্বর ২০২২ খ্রি. অনুষ্ঠিত কম্প্রিহেন্সিভ পরীক্ষায় উত্তীর্ণ ৬৫ (পঁয়ষট্টি) জন এবং বিগত ৩০ জুলাই ২০২২ খ্রি. হতে শুরু ১ম ব্যাচ অনিয়মিত/অনুপস্থিত প্রার্থীদের নিকট হতে প্রশিক্ষণ কেন্দ্র (হাসপাতাল) পছন্দের ক্রম অনুযায়ী আবেদন (নমুনা অনুযায়ী) আহ্বান করা যাচ্ছে। ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে কেবল training.bnmc2022@gmail.com ই-মেইলের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে (অন্য কোন কাগজ সংযুক্তির প্রয়োজন নেই)।

সম্ভাব্য প্রশিক্ষণ কেন্দ্রঃ (১) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা (২) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা, (৩) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা, (৪) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা, (৫) কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা, (৬) শহীদ তাজউদ্দীন আহমেদ মেডিকেল কলেজ-গাজীপুর, (৭) শহীদ আহসানুল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল-টঙ্গি, গাজীপুর, (৮) শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল-টাংগাইল, (৯) টাংগাইল জেনারেল হাসপাতাল, (১০) নারায়নগঞ্জ ৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, (১১) নারায়নগঞ্জ ভিক্টরিয়া জেনারেল হাসাপাতাল, (১২) শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপতাল, কিশোরগঞ্জ, (১৩) মানিকগঞ্জ জেনারেল হাসপাতাল, মানিকগঞ্জ এবং (১৪) ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ। উল্লেখ্য, আবেদনকারীদের সংখ্যানুসারে হাসপাতালে গড়ে ৫০ জন করে পছন্দের ১ম, ২য়, ৩য় ও অনুরূপভাবে পরবর্তী ক্রমানুযায়ী সাজানো হবে, পছন্দ অনুযায়ী কেন্দ্র নির্বাচন সম্ভব না হলে পার্শ্ববর্তী জেলায় দেয়া যেতে পারে, তবে নারী অগ্রাধিকার প্রাপ্য। এ ক্ষেত্রে বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

15/12/2022

রাশিদা আক্তার
রেজিস্ট্রার (অ: দা:)
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং
সদস্য সচিব, পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের শিখন
ঘাটতি পূরণ সংক্রান্ত প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি ।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃ: আ: সচিবের একান্ত সচিব)।
৩. ভাইস-প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং সভাপতি, পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের শিখন ঘাটতি পূরণ সংক্রান্ত প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি
৪. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং সদস্য, পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের শিখন ঘাটতি পূরণ সংক্রান্ত প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি ।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৮. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৯. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১০. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর, টিবি গেইট, মহাখালী, ঢাকা।
১১. পরিচালক/সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, ...
১২. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
১৩. অধ্যক্ষ/ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট, ...
১৪. নার্সিং সুপারিনটেনডেন্ট (পদ শূন্য থাকলেঃ ডেপুটি-নার্সিং সুপারিনটেনডেন্ট/ নার্সিং সুপারভাইজার), মেডিকেল কলেজ হাসপাতাল/জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল, ...
১৫. প্রশিক্ষক (ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর/মেন্টর/প্রিসেপ্টর), সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র (হাসপাতাল), ...
১৬. প্রশাসনিক কর্মকর্তা/প্রধান সহকারী/হিসাব শাখা, বিএনএমসি (সংশ্লিষ্ট বিষয় সমন্বয়ের জন্য) ।
১৭. কম্পিউটার অপাটেরদ্বয়, বিএনএমসি, ঢাকা (তথ্য সংগ্রহ করে এক্সেল ফাইলে এন্ট্রি করে সহকারী প্রোগ্রামারকে সহায়তার জন্য)।
১৮. জনাব/ বেগম . . . .

(নমুনা কপি)

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

(এ অংশ প্রশিক্ষণার্থী নিজ হাতে পূরণ করবেন)

আবেদনের তারিখ: . . . .

বরাবর
সভাপতি
পেশেন্ট কেয়ার টেকনোলজিস্টদের হাতে কলমে বাস্তব প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটি এবং
অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

বিষয়ঃ ২য় ব্যাচে প্রশিক্ষণের জন্য কেন্দ্র পছন্দের আবেদন।

মহোদয়,
সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ডিপ্লোমা ইন পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স পাশ করার পর বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীন কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে শিখন ঘাটতি পূরণের লক্ষ্যে ০৬ মাস হাতে কলমে বাস্তব প্রশিক্ষণ সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত প্রশিক্ষণ কেন্দ্রে (হাসপাতালে) প্রশিক্ষণ গ্রহণের জন্য পছন্দের ক্রম উল্লেখ পূর্বক আবেদন দাখিল করছি।

অতএব, আমার আবেদন মঞ্জুর করে নিম্নোক্ত হাসপাতালে প্রশিক্ষণ গ্রহণের সুযোগদানে আপনার একান্ত মর্জি হয়।

পছন্দের ক্রম	নোটিশে বর্ণিত হাসপাতালের ক্রমিক	প্রশিক্ষণ কেন্দ্র (পছন্দনীয় হাসপাতালের নাম ও জেলা)
১		
২		
৩		
৪		
৫		

বিনীত নিবেদক,

প্রার্থীর স্বাক্ষর:	
প্রার্থীর পূর্ণ নাম:	
পিতার নাম:	
বিএনএমসি পরীক্ষার রোল নং	
কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং) পরীক্ষায় পাসের তারিখ:	
পাশকৃত পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্সের মেয়াদ (৪/৩ বছর)	
কারিগরি বোর্ডের স্টুডেন্ট রেজি: নং	
পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্সে পাশের মাস ও বছর:	
প্রশিক্ষণার্থীর মোবাইল নং	
১ম ব্যাচ প্রশিক্ষণ কেন্দ্রের (হাসপাতাল) নাম ও ক্রমিক নং (প্রযোজ্য ক্ষেত্রে)	
১ম ব্যাচ প্রশিক্ষণে অংশগ্রহণ না করা/অনিয়মিত হওয়ার কারণ: (প্রযোজ্য ক্ষেত্রে)	